গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০৫.২৩.৫১

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার প্রদর্শন সংক্রান্ত।

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয়ের স্মারক নং- ০৩.০০.০০০০.০০০.০৩৯১৬.০০০৩.২৫-৯১; তারিখ: ০৫/০১/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সাথে সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ অনুযায়ী সংবিধান সংস্কার প্রস্তাবের ওপর গণভোট অনুষ্ঠিত হবে। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধানদের উদ্যোগে ২টি খাড়া (Vertical) ব্যানার অফিসের সম্মুখে প্রদর্শন সংক্রান্ত মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে প্রাপ্ত পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (সংযুক্তি)।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সংযুক্তি

০৮-০১-২০২৬
মোঃ শামছুল আরিফ
উপসচিব
০২২২৩৩৫১৮০১
dsad2@mopme.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০৫.২৩.৫১/১(৪)

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি-২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৮-০১-২০২৬
**মোঃ শামছুল আরিফ**
**উপসচিব**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

স্মারক নং-৩৮.০০.০০০০.৩০১.০০৯.০০.০১৯৩.২৫(অংশ-২)- ৭৮

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

অনুলিপি:

১. পরিচালক (প্রশাসন, অর্থ, লজি., বাস্ত. ও প্রশি.)/(পরি. মনি. ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩. উপ-পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৪. সহকারী পরিচালক(সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৫. সহকারী পরিচালক (সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
(সকল কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৬. লাইব্রেরিয়ান/স্টোর অফিসার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রশাসনিক কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৯. উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা (সকল), উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১০. কর্মচারী (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অফিস কপি।

১৮/০১/২৬
জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা: ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-৯১

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

**বিষয়ঃ জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার প্রদর্শন সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের মধ্যে ব্যাপক জনসচেতনতা তৈরি করতে সকল সরকারি এবং বেসরকারি প্রাথমিক স্কুল, মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা এবং বিশ্ববিদ্যালয়ে ২ টি খাড়া (Vertical) ব্যানার (সংযুক্ত-১, ২) প্রতিষ্ঠান প্রধানগণ স্ব উদ্যোগে প্রিন্ট করে অফিসের সম্মুখে দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শন করলে অভিভাবক, শিক্ষার্থী এবং জনগণের মধ্যে ব্যাপক প্রচারণা পাবে। গত ৪ জানুয়ারি ২০২৬ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সাথে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী এবং গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়কের মধ্যকার বৈঠকে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় এ বিষয়ে সম্মতি প্রদান করেছেন।

এমতাবস্থায়, বাংলাদেশের সকল সরকারি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২ টি খাড়া (Vertical) ব্যানার প্রিন্ট করে দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শনে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানানো হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

০৫.০১.২০২৬

মোঃ সারওয়ার মোর্শেদ
উপসচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত
ফোন- ৫৫০২৯৫৩০


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৫. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর (ঐকমত্য) একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সচিব-এর দপ্তর | |
|---|---|
| ☐ অতিরিক্ত সচিব (বিদ্যালয়) | অতি: গুরুত্বপূর্ণ |
| ☐ অতিরিক্ত সচিব (প্রশাসন) | জরুরী |
| ☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন) | ব্যবস্থা গ্রহণ |
| ☐ অতিরিক্ত সচিব (বাঃও অঃ) | নথিতে পেশ |
| ☐ যুগ্মসচিব........ | পরীক্ষান্তে পেশ |
| ☐ সচিবের একান্ত সচিব | নথিজাত / আলোচনা |
| ডায়েরী নং........ তারিখ: ৮।১।২৬ | সচিব |




# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

# পরিবর্তনের

## জন্য

# "হ্যাঁ"



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:
www.gonovote.gov.bd এবং www.gonovote.bd

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

**মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।**

**প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।**